84

দৈনিক ইত্তেফাক

তারিখ ..2 8. AUG. 1996 ..
পৃষ্ঠা .. ১২ .. কলাম .. ৪ .....

# নেত্রকোনায় রেকর্ড সংখ্যক এইচএসসি পরীক্ষার্থী বহিষ্কার

নেত্রকোনা সংবাদদাতা ॥—সদ্য সমাপ্ত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নেত্রকোনা জেলার ১৫টি কলেজ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে রেকর্ড সংখ্যক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ১৩১৩ জন। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৫১৬ জন। জেলায় গত বছরে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬০০। জানা গিয়াছে, ইংরেজী প্রথমপত্রে ১৩৯ জন, ২য় পত্রে ২৮৩ জন, বাংলা ১ম পত্রে ১০৮ জন ২য় পত্রে ১১৬ জন, অর্থনীতি ১ম পত্রে ৫৬, ২য় পত্রে ৫১, যুক্তিবিদ্যা ১ম পত্রে ৭৫ জন, ২য় পত্রে ৫৪ জন, ইসলামের ইতিহাস ১মপত্রে ৯৮ জন ও ২য় পত্রে ৬৬ জন, পৌরনীতি ১ম পত্রে ৪৯ জন ও ২য় পত্রে ৬১ জন বহিষ্কারের ঘটনা উল্লেখযোগ্য। তবে নকল ধরার জন্য এই বৎসর প্রশাসনিক কর্মকর্তারা বিশেষ তৎপর ছিলেন। তাহাদের উপর কোন রাজনৈতিক চাপ ছিল না। বহিরাগত অর্থাৎ জেলার বাহির হইতে নকল করিয়া পাস করার জন্য আসা ছাত্র-ছাত্রীরাই বহিষ্কার হইয়াছে বেশী। বিভিন্ন কলেজে দেখা গিয়াছে যে, পরীক্ষার্থীকে নকল সরবরাহের জন্য অভিভাবকরা বেশ তৎপর থাকেন।